



৪ হাজারের বেশি ইয়াবাসহ সৌদি আরবগামী সাইডুল বিমানবন্দরে আটক



ছবি: সংগৃহীত

সৌদি আরবে ইয়াবা পাচারের চেষ্টা করতে গিয়ে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাইডুল ইসলাম নামে এক যাত্রীকে আটক করা হয়েছে। তাঁর কাছ থেকে উদ্ধার করা হয়েছে ৪ হাজার ৩৬৪টি ইয়াবা বড়ি।

সোমবার (৯ মার্চ) সকালে বিমানবন্দরের সি-২ বোর্ডিং ব্রিজ এলাকায় প্রি-বোর্ডিং নিরাপত্তা তল্লাশির সময় আনসার সদস্যরা তাঁকে আটক করেন। তল্লাশির একপর্যায়ে তাঁর ব্যাগে সন্দেহজনক বস্তু শনাক্ত হলে বিস্তারিত পরীক্ষা চালানো হয়। পরে ব্যাগের ভেতর থেকে বিপুল পরিমাণ ইয়াবা উদ্ধার করা হয়।

আটক সাইডুল ইসলাম ঢাকার দোহার উপজেলার মধুরচর এলাকার বাসিন্দা। তিনি একটি বেসরকারি এয়ারলাইন্সের ফ্লাইটে সৌদি আরব যাওয়ার উদ্দেশ্যে বিমানবন্দরে এসেছিলেন। আনসার সদর দপ্তরের উপপরিচালক ও গণসংযোগ কর্মকর্তা মো. আশিক-উজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, হেভি লাগেজ গেট-৪ দিয়ে প্রবেশের পর সাইডুল নির্ধারিত কাউন্টারের 'সি' সারিতে চেক-ইন সম্পন্ন করেন। পরে বোর্ডিং ব্রিজ সি-২-এ নিরাপত্তা তল্লাশির সময় স্ক্যানিংয়ে তাঁর ব্যাগ সন্দেহজনক মনে হয়।

দায়িত্বরত আনসার ব্যাটালিয়নের সদস্য সিপাহি শামীম রেজা ব্যাগটি আলাদা করে র্যান্ডম তল্লাশির নির্দেশ দেন। সিভিল সিকিউরিটি সদস্য হিজবুল বাহার ব্যাগ পরীক্ষা করে ইয়াবাসদৃশ বস্তু শনাক্ত করেন। বিষয়টি নিশ্চিত হওয়ার পর সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়।

খবর পেয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা ঘটনাস্থলে এসে জব্দ করা বস্তু গণনা করে ৪ হাজার ৩৬৪টি ইয়াবা বড়ি পান।

পরে এয়ারলাইনস কর্তৃপক্ষ যাত্রীকে ফ্লাইট থেকে নামিয়ে দেয়। পরবর্তী আইনগত ব্যবস্থা নিতে তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কাছে হস্তান্তর করা হয়েছে।